[redacted]

[redacted]

জীবননগরে অসুস্থ মুক্তিযোদ্ধার পাশে এমপি টগর

জীবননগরে অসুস্থ বীর মুক্তিযোদ্ধা ও প্রবীণ আওয়ামীলীগ নেতা মোঃ সাহাবুদ্দিনের বাড়িতে যেয়ে চিকিৎসার সাবিক খোজখবর নিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

গত বৃহস্পতিবার রাতে স্বশরীরে জীবননগর পৌর সভার হাইস্কুল পাড়ায় অসুস্থ বীর মুকিযোদ্ধা মোঃ সাহাবুদ্দিনের বাড়িতে গিয়ে খোজ খবরনেন এমপি টগর।

এ সময় সাংবাদিকদের তিনি জানান, নিজের জীবন বাজি রেখে যারা দেশের জন্য কাজ করেছেন সেই সমস্থ সূয সন্তান বীর মুক্তিযোদ্ধার পাশে দাড়ানো আমার নৈতিক দায়িত্ব ও কর্তব্য। আমি আমার দায়িত্ববোধ থেকেই অসুস্থ মুক্তিযোদ্ধার পাশে দাড়িয়েছি। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কন্যা বাংলাদেশের সফল প্রধান মন্ত্রী জননেন্ত্রী শেখ হাসিনা দেশের মুক্তিযোদ্ধাদের জীবনমান উন্নয়নের জন্য যে কাজ করেছেন এমন কাজ দেশের আর কোন প্রধানমন্ত্রী এ যাবৎ করেনি আশা করি আর কোন দিন করবেও না । আমি শেখ হাসিনার একজন ক্ষুদ্র কমি হিসাবে অসুস্থ মুক্তিযোদ্ধাসহ প্রবীণ আওয়ামীলীগ নেতাকমি ও সাধারন মানুষের পাশে যে ভাবে আছি আগামিতেও থাকবো।

এ সময় সফর সঙ্গী হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা,জীবননগর পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক জাহাঙ্গীর আলম প্রমুখ।

জীবননগরে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে ব্রীজের সাথে

ধাক্কা নিহত ২, আহত ১

চুয়াডাঙ্গার জীবননগরে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে ব্রীজের সাথে ধাক্কায় সেলিম উদ্দিন ও স্বপন আলী নামে দুই যুবক নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও একজন।

আজ শুক্রবার দুপুর ২ টার দিকে জীবননগর উপজেলার উথলী-বেগমপুর সড়কের ছোটপোল নামক স্থানে ওই দুর্ঘটনা ঘটে। নিহত সেলিম উদ্দিন দামুড়হুদা উপজেলার কোমরপুর গ্রামের নুর ইসলামের ছেলে। নিহত স্বপন আলী একই গ্রামের নজরুল ইসলামের ছেলে

আহত হলেন- একই গ্রামের ইসলাম উদ্দিনের ছেলে রুবেল হোসেন (২৪) ।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এসএম জাবীদ হাসান জানান, দুপুরে মোটরসাইকেলযোগে বেগমপুর থেকে উথলীর দিকে আসছিল তিন যুবক। এসময় মোটরসাইকেলটি নিয়ন্ত্রণ হারিয়ে উথলী-বেগমপুর সড়কের ছোটপোল নামক স্থানে পৌছালে নিয়ন্ত্রণ হারিয়ে ব্রীজের সাথে ধাক্কা দেয়। এতে সড়কের উপর ছিটকে পড়ে গুরুতর আহত হন মোটরসাইকেলের ৩ আরোহী। তাদের উদ্ধার করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক সেলিম উদ্দিনকে মৃত ঘোষনা করেন। বাকী দুইজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাদের যশোর মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে। হাসপাতালে ভর্তি অবস্থায় আর একজনের মৃত্যু হয়।

ওসি আরও জানান, ঘটনাস্থল থেকে আধা বোতল বাংলা মদ উদ্ধার করা হয়েছে। ওই তিন যুবক নেশাগ্রস্থ অবস্থায় মোটরসাইকেল চালাচ্ছিল বলে প্রাথমিকভাবে জানা গেছে। ওই ঘটনায় আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

দর্শনায় আইডিয়াল স্কুল এন্ড

কলেজে বৃক্ষরোপণ অনুষ্টানে এমপি টগর

চুয়াডাঙ্গার দর্শনায় দর্শনা আইডিয়াল স্কুল এন্ড কলেজ প্রাঙ্গণে বৃক্ষরোপণ ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।
আজ বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টায় দর্শনা পুরাতন বাজার জোড়া বটতলা সংলগ্ন দর্শনা আইডিয়াল স্কুল এন্ড কলেজ প্রাঙ্গণে বৃক্ষরোপণ ও মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর।

তিনি বলেন,বৃক্ষকে ভালো বাসুন, বৃক্ষনিধন থেকে দূরে থাকুন,বেশী বেশী বৃক্ষ রোপন করুন। লেখাপড়ার পাশাপাশি খেলাধূলারও চর্চা করতে হবে।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দর্শনা আইডিয়াল স্কুল এন্ড কলেজের পরিচালক ও উদ্যোক্তা গোলাম ফারুক আরিফ, সভাপতি উত্তম রঞ্জন দেবনাথ, আজমপুর সঃ প্রাঃ প্রধান শিক্ষক স্বরুপ কুমার দাস প্রধান শিক্ষক তনুশ্রী বসু,লিটিল এনজেলস ইন্টা স্কুলের প্রধান শিক্ষক বিকাশ কুমার দত্ত ও বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক রেজাউল ইসলাম, সোলাইমান হক,মোঃ রফিক উদ্দিন,প্রলয় শীল,আনন্দ কুমার, সুমি খাতুন,বাবুল আক্তার,প্রান্ত বিশ্বাস, প্রেসক্লাবের সহসভাপতি মোঃ জাহিদুল ইসলাম,সহসভাপতি মাহমুদ হাসান রনি, সাধারন সম্পাদক হানিফ মন্ডল, সাংবাদিক সমিতির সভাপতি ইকরামুল হক পিপুল, সাবেক সভাপতি মনিরুজ্জামান ধীরু,ইমতিয়াজ রয়েল ও সাংবাদিক হারুর রাজু প্রমুখ।

দর্শনায় জাতীয় স্থানীয় সরকার দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা

সভা

চুয়াডাঙ্গার দর্শনায় জাতীয় স্থানীয় সরকার দিবস উপলক্ষে বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে দর্শনা পৌরসভার আয়োজনে এ র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

প্রথমে পৌরসভা সকল কাউন্সিলর ও কর্মকর্তা-কর্মচারিগণ পৌরসভা থেকে একটি বর্ণাঢ্য র্যালী নিয়ে দর্শনা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পৌরসভায় যেয়ে এক আলোচনা সভা করেন।

উক্ত অনুষ্ঠানে দর্শনা পৌরসভার প্যানেল মেয়র-১ রবিউল হক সুমনের সভাপতিত্বে আলোচনা করেন, সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত সচিব) সাজেদুল আলম, প্রধান সহকারী রুহুল আমিন খাঁন, হিসাব রক্ষক সরোয়ার হোসেন, প্যানেল মেয়র-২ রেজাউল ইসলাম, কাউন্সিলর সাবির হোসেন মিকা, হাসান খালেকুজ্জামান, মনির সর্দার, সাইফুল ইসলাম, আশুরদ্দীন আশু।

এ সময় আরও উপস্থিত ছিলেন, শাহালম, জাহিদুল ইসলাম, মোমিনুল ইসলাম, আব্দুল মজিদ, মেহেদী হাসান সহ সকল কর্মকর্তা-কর্মচারি গণ।

চুয়াডাঙ্গা জেলার শ্রেষ্ঠ সহকারী শিক্ষক নির্বাচিত হলেন সামসুন্নাহার

ধারাবাহিক সাফল্য ধরে রেখেছেন রুদ্রনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক সামসুন্নাহার। ২০১৯ সালে উপজেলা সহকারী শ্রেষ্ঠ শিক্ষক। ২০২২সালে কাব স্কাউটস এ উডব্যাজ অর্জন।

২০২১ শিক্ষকদের সবচেয়ে বড়ো প্লাটফর্ম শিক্ষক বাতায়নে চুয়াডাঙ্গা জেলার মধ্যে প্রথম মহিলা এ্যাম্বাসেডর নির্বাচিত হন।জাতীয় দিবসে তার নেতৃত্বে প্রতিবার কুচকাওয়াজ ও ডিসপ্লেতে পুরস্কার অর্জন করে

এ বিদ্যালয়টি।

৪ টি উপজেলার সহকারীদের শিক্ষকের সাথে প্রতিযোগিতা করে জেলার মধ্য শ্রেষ্ট শিক্ষক নির্বাচিত হওয়ায় অভিনন্দন জানিয়েছেন দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু,রুদ্রনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ারা খাতুন,দর্শনা প্রেসক্লাবের সভাপতি জাহিদুল ইসলাম,রুদ্রনগর সরকারি বিদ্যালয়ে শিক্ষক বৃন্দ সহ বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা।

চুয়াডাঙ্গা-১ আসনে আফরোজা পারভীনের পথসভা উঠান বৈঠক ও গণসংযোগ

চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের পক্ষ থেকে চুয়াডাঙ্গা-১ আসনে পথসভা উঠান বৈঠক ও গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নে ইউনিয়ন যুব মহিলা লীগের সভাপতি ইউপি সদস্য সাবিয়া খাতুন এর আয়োজনে এই নির্বাচনী উঠান বৈঠক ও গণসংযোগ করেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি ও আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনয়ন প্রত্যাশি আফরোজা পারভীন।

এ সময় তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা মানুষের ভাগ্য উন্নয়নে দিন-রাত কঠোর পরিশ্রম করে যাচ্ছেন। বঙ্গবন্ধুকন্যা বিশ্বব্যাংককে চ্যালেঞ্জ করে নিজেদের অর্থায়নে পদ্মা সেতু নির্মাণ করে বাংলাদেশের সক্ষমতা দেখিয়ে দিয়েছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের উন্নয়নের ধারাবাহিকতায় বিশ্বে বাংলাদেশ আজ রোল মডেল। দেশকে উন্নয়নের স্বর্ণ শিখরে পৌঁছাতে আগামী দিনেও প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিকল্প নেই।

আগামী সংসদ নির্বাচনে নৌকায় ভোট দিয়ে শেখ হাসিনার সরকারকে

আবারো ক্ষমতায় আনতে ভোটারদের প্রতি আহ্বান জানান তিনি। গণসংযোগের সময় সরকারের উন্নয়ন কাজের চিত্র তুলে ধরে লিফলেট বিতরণ করা হচ্ছে।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সহ-সভপতি পূর্ণিমা হালদার,যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন ,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, ছাত্রলীগ ও যুবলীগের নেতৃবৃন্দ রাতুল, সাকিব শেখ, মাহফুজ, আকাশ,কুতুব, রিপন,শাওন, সিফাত,জিরান,সেজান ও আওয়ামী লীগের নেতৃবৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলা ও আলমডাঙ্গা উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।

আলমডাঙ্গায় ফিরোজা ক্লিনিকে ভ্রাম্যমাণ আদালত;১০ হাজার টাকা জরিমানা

চিকিৎসা সেবার নামে প্রতারণা করার অভিযোগে আলমডাঙ্গা পৌর শহরের হাউসপুরে অবস্থিত ফিরোজা ক্লিনিকে অভিযান করেছে ভ্রাম্যমাণ আদালত। অভিযানে ওই ক্লিনিক মালিককে ১০ হাজার টাকা জরিমানা আদায় করেছে।

আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টায় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

আদালত সূত্রে জানাজায়, পৌর এলাকার হাউসপুর এলাকায় অবস্থিত ফিরোজা ক্লিনিকে লাইসেন্স বিহীন, নোংরা পরিবেশ ও অনুমোদন না পেয়েও ক্লিনিকে রোগী ভর্তি করে চিকিৎসা সেবার নামে সাধারণ

মানুষের সাথে প্রতারণার অভিযোগ ওঠে। এমতাবস্থায় উপজেলা সহকারী কমিশনার ভূমি ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। এছাড়াও দ্বিতলায় অপরিকল্পিত বেড ও রান্নাঘরের অস্তিত্বও পায়।

এঘটনায় উপজেলা সহকারী কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ ওই ক্লিনিকের ম্যানেজার আবুল কালাম আজাদকে ১০ হাজার টাকা জরিমানা করেন। এছাড়াও বিভিন্ন নির্দেশনা দেন ওই কর্মকর্তা।

আলমডাঙ্গায় আন্তঃজেলা তিন চোর সদস্য আটক

আলমডাঙ্গা থানা পুলিশ বিশেষ অভিযান পরিচালনা করে চুরি যাওয়া লোহার তৈরী দরজা (গ্রিল) জব্দ করেছে পুলিশ। এ সময় চুরির অভিযোগে আন্তঃজেলা চোর চক্রের তিন সদস্যকে আটক করা হয়।

আজ বৃহস্পতিবার সকাল ১০ টায় আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ বিষয়টি নিশ্চিত করেন।

গ্রেফতাররা হলেন- কুষ্টিয়া জেলার মিরপুর থানার পোড়াদহ এলাকার ইয়াকুব আলীর ছেলে রবিন আলী (২২), আজাদ শেখের ছেলে রিন্টু শেখ, আব্দুল গনির ছেলে শিহাব (১৯)।

পুলিশ জানায়, আজ বৃহস্পতিবার সকালে থানাপুলিশের বিশেষ অভিযান চলছিল। গোপন সংবাদের ভিত্তিতে পৌর এলাকার বাস-টার্মিনাল সংলগ্নে পুলিশ অভিযান চালায়। এসময় তিন আন্তঃজেলা চোরচক্রের সদস্যকে সন্দেহজনক ভাবে আটক করে। পরে পুলিশের জিজ্ঞাসাবাদে তাদের নিকট থেকে লোহার দরজা (গ্রিল) জব্দ করে পুলিশ। যার ওজন প্রায় ৪৭ কেজি ও বাজার মূল্য প্রায় ৩ হাজার ২৯০ টাকা।

আটকৃত তিন আন্তঃজেলা চোরচক্রের সদস্যদের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মামলা করেছে পুলিশ।

[redacted]

[redacted]